

আজকের রাশিফল

॥ ২৮ ফেব্রুয়ারি, বুধবার, ২০০৭ ॥

পাশ্চাত্য জ্যোতিষ পদ্ধতি অনুযায়ী রবি আজ মীন রাশিতে অবস্থান করছে। আজ যদি আপনার জন্মদিন হয় তবে পাশ্চাত্য জ্যোতিষে আপনি মীন রাশির জাতক/ জাতিকা। আপনার জন্মসংখ্যা ১। আপনার ওপর প্রভাবকারী গ্রহঃ বৃহস্পতি ও রবি। আপনার শুভ সংখ্যাঃ ১, ১০, ১৯, ২৮। শুভবারঃ বৃহস্পতি ও রবি। শুভবর্ণঃ হলুদ, সাদা, লাল, কমলা ও হালকা নীল। শুভরত্নঃ পোখরাজ, একুয়ামেরিন, রক্তপ্রবাল ও হীরা।

প্রকৃতিগতভাবে আপনি মেধাবী ও সৃজনশীল। আপনার উদ্ভাবনী ক্ষমতা রয়েছে। সহজেই খাপ খাইয়ে নিতে পারেন। আপনার সহমর্মিতাবোধ প্রখর। অন্যের সাহায্যে সহজেই ঝাঁপিয়ে পড়তে পারেন। প্রখর অন্তর্দৃষ্টি আপনার বড় গুণ। সহজেই আপনি অনেক কিছু উপলব্ধি করতে পারেন। জীবনে আপনাকে প্রচুর ভ্রমণ করতে হতে পারে।

জন্মগ্রহণকারী বিশিষ্ট ব্যক্তিত্বঃ ড. মফিজুল্লাহ কবীর, সাংবাদিক এবিএম মুসা, গীতিকার মনিরুজ্জামান মনির, সঞ্জীব চট্টোপাধ্যায় প্রমুখ।

দ্বাদশ রাশির পূর্বাভাস



মেস রাশি (২১ মার্চ-২০ এপ্রিল) ॥ পেটের পীড়া বা লিভার সংক্রান্ত ব্যধিতে আক্রান্ত হতে পারেন। দাম্পত্য শান্তি ফিরে আসবে। জুয়া, ফাটকা, লটারি প্রভৃতি উৎস থেকে অর্থ লাভের সম্ভাবনা রয়েছে। মাতৃস্বাস্থ্য ভালো যাবে না। আর্থিক দিক ভালো যাবে।



বৃষ রাশি (২১ এপ্রিল-২০ মে) ॥ আজ কোন বিশেষ দক্ষতার জন্য সুনাম ও মর্যাদা লাভ করতে পারেন। প্রভাবশালীদের আনুকূল্য পাবেন। বিদ্যার্থীদের জন্য দিনটি শুভ নয়। কোন ব্যক্তি দ্বারা বিপদের আশঙ্কা রয়েছে। রোমাস শুভ নয়।



মিথুন রাশি (২১ মে-২০ জুন) ॥ ভাইবোনদের কারো জন্য মন দুশ্চিন্তাগ্রস্ত থাকতে পারে। ব্যবসায়ীদের জন্য দিনটি শুভ। পিতার স্বাস্থ্যগত সমস্যা দেখা দিতে পারে। অবিবাহিতদের বিয়ের যোগ আছে। পুরনো কোন বন্ধুর সাথে যোগাযোগ হতে পারে।



কর্কট রাশি (২১ জুন-২০ জুলাই) ॥ কোন ব্যক্তিকে অতিরিক্ত বিশ্বাস না করলেই ভালো করবেন। এতে নিজেই ক্ষতিগ্রস্ত হবার আশঙ্কা রয়েছে। নানা কারণে দাম্পত্য ভুল বোঝাবুঝি সৃষ্টি হতে পারে। সন্তানের স্বাস্থ্যগত সমস্যা দেখা দিতে পারে। রোমাস শুভ নয়।



সিংহ রাশি (২১ জুলাই-২১ আগস্ট) ॥ মানসিক ও শারীরিক সমস্যার উদ্ভব হতে পারে। জরুরী কাজ সকালের দিকে সেরে নিন। ব্যবসায়ে লোকাসানের সম্মুখীন হতে পারেন। দাম্পত্য অশান্তি দেখা দিতে পারে। মনোবল বৃদ্ধি করার চেষ্টা করুন।



কন্যা রাশি (২২ আগস্ট-২২ সেপ্টেম্বর) ॥ কাউকে উপকার করতে গিয়ে নিজেই ক্ষতির সম্মুখীন হতে পারেন। যৌথ ও অংশীদারী ব্যবসায় সতর্কতা অবলম্বন করুন। দাম্পত্য ভুল বোঝাবুঝি সৃষ্টি হতে পারে। অবিবাহিতদের বিয়ের যোগাযোগ বাধাগ্রস্ত হতে পারে। মন ভালো থাকবে না।



তুলা রাশি (২৩ সেপ্টেম্বর-২২ অক্টোবর) ॥ শারীরিক বিষয়ে সাবধানতা অবলম্বন করুন। জরুরী কাজ সকালের দিকে সেরে নিন। আজ কোন অযাচিত উৎস হতে অর্থ লাভের সম্ভাবনা রয়েছে। সন্তানের জন্য মন দুশ্চিন্তাগ্রস্ত থাকতে পারে। রোমান্টিক প্রস্তাবে সাড়া পেতে পারেন।



বৃশ্চিক রাশি (২৩ অক্টোবর-২১ নভেম্বর) ॥ ব্যবসায়ীদের জন্য দিনটি অনুকূল নয়। যৌথ ও অংশীদারী ব্যবসায়ীরা সতর্কতা অবলম্বন করুন। কোন বন্ধুর দ্বারা আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হতে পারেন। বাড়ীতে অতিথি সমাগম হতে পারে। বহু দিনের হারানো জিনিস খুঁজে পেতে পারেন।



ধনু রাশি (২২ নভেম্বর-২০ ডিসেম্বর) ॥ আজ আপনার নামে কেউ মিথ্যা বদনাম রটাতে পারে। কোন ধরনের আইনি ঝামেলায় জড়াতে পারেন। যৌথ ও অংশীদারী ব্যবসায় সতর্কতা অবলম্বন করুন। অবিবাহিতদের বিয়ের যোগাযোগ বাধাগ্রস্ত হতে পারে। দূর ভ্রমণের সুযোগ আসতে পারে।



মকর রাশি (২১ ডিসেম্বর-১৯ জানুয়ারী) ॥ আজ কোন ব্যক্তি আপনার বিরোধিতা করতে পারে। মানসিক অবসাদে ভুগতে পারেন। ব্যবসায়িক দিক ভালো যাবে বলে আশা করা যায়। দাম্পত্য শান্তি ফিরে আসবে। প্রাপ্তিযোগ আছে।



কুম্ভ রাশি (২০ জানুয়ারী-১৮ ফেব্রুয়ারী) ॥ মানসিক অস্থিরতা দেখা দিতে পারে। যে কোন কাজ করার আগে ভালো করে ভেবে চিন্তে নিন। পরিবারের সদস্যদের মধ্যে সুসম্পর্ক বজায় থাকবে। মনোবল বৃদ্ধি করার চেষ্টা করুন। নতুন কোন কাজে জড়াতে পারেন।



মীন রাশি (১৯ ফেব্রুয়ারী-২০ মার্চ) ॥ আজ কিছুটা শারীরিক সমস্যায় ভুগতে পারেন। জরুরী কাজ সকালের দিকে সেরে নিন। বিদ্যার্থীদের জন্য দিনটি শুভ নয়। পিতা-মাতার সাথে মতবিরোধ সৃষ্টি হতে পারে। কলহ-বিবাদ এড়িয়ে চলার চেষ্টা করুন।

ম মুহম্মদ আনিসুল হক